



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট ১৫৩, পাইওনিয়ার রোড,
সেগুনবাগিচা, ঢাকা। www.hcu.org.bd

বিষয়ঃ হাইড্রোকার্বন ইউনিটের উদ্ভাবনী কর্মপরিকল্পনা সংক্রান্ত ইনোভেশন টিমের চতুর্থ সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জাকির হোসেন পরিচালক (উপসচিব) ও চিফ ইনোভেশন অফিসার, হাইড্রোকার্বন ইউনিট।
সভার তারিখ	২৫-০৩-২০২০ ইং
সভার সময়	বিকাল ৩ঃ ০০ ঘটিকা
স্থান	হাইড্রোকার্বন ইউনিট, মিনিকনফারেন্স রুম।
উপস্থিতি	ক) জনাব, মেহেদী হাসান (পরিকল্পনা ও পিএসসি) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম। খ) জনাব, শিহাব মাহমুদ, সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) ও সদস্য, ইনোভেশন টিম। গ) জনাব দেবব্রত দাস, সহকারি পরিচালক (প্রশাসন ও হিসাব) ও সদস্য, ইনোভেশন টিম।


০২। আলোচনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভার সূচনা বক্তব্যে তিনি হাইড্রোকার্বন ইউনিটের উদ্ভাবনী কর্মপরিকল্পনার তৃতীয় সভার বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চান। সভায় কমিটির সদস্য-সচিব, জনাব, মেহেদী হাসান (পরিকল্পনা ও পিএসসি) উদ্ভাবনী কর্মপরিকল্পনার তৃতীয় সভার বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে যেসব সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে সে সম্পর্কে সভায় উপস্থাপন করেন এবং বলেন যে, উদ্ভাবনী কর্মপরিকল্পনার তৃতীয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সন্তোষজনক। তারপর সভাপতি উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণকে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ /নলেজ শেয়ারিং প্রোগ্রামে অংশগ্রহণ, উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের মূল্যায়ন, সেবা সহজিকরণের লক্ষ্যে দেশের জ্বালানি ও খনিজ সম্পদের উৎপাদন, আমদানি, মজুদ, বিতরণ প্রভৃতি তথ্য সম্বলিত একটি অন্তর্বর্তীকালীন ড্যাশবোর্ডের বাস্তবায়নের চূড়ান্ত অফিস আদেশ জারি করে সারাদেশে সম্প্রসারণ/রেপ্লিকেশন করার বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান করেন। পরিশেষে, সভাপতি উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২.২ সিদ্ধান্তঃ

ক) উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণকে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ করা যায়।
খ) আগামী ১৫-০৪-২০২০ ইং তারিখের মধ্যে দেশের জ্বালানি ও খনিজ সম্পদের উৎপাদন, আমদানি, মজুদ, বিতরণ প্রভৃতি তথ্য সম্বলিত একটি অন্তর্বর্তীকালীন ড্যাশবোর্ডের বাস্তবায়নের চূড়ান্ত অফিস আদেশ জারি করে সারাদেশে সম্প্রসারণ/রেপ্লিকেশন ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় কমিটির সদস্য সচিব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব) ও চিফ
ইনোভেশন অফিসার, হাইড্রোকার্বন
ইউনিট।

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩১.০০৫.১৮.৫৫

তারিখ: ১১ চৈত্র ১৪২৬
২৫ মার্চ ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট
- ২) সিস্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা।



মোঃ জাকির হোসেন
পরিচালক (নীতিমালা ও উন্নয়ন)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট

নম্বর ২৮.০৬.০০০০.০০০.৩১.০০৫.১৮.৫১

তারিখ ৯ চৈত্র ১৪২৬
২৩ মার্চ ২০২০

নোটিশ

হাইড্রোকার্বন ইউনিটের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে আগামী ২৫ মার্চ ২০১৯ ইং তারিখ রোজ বুধ বিকাল ৩:০০ ঘটিকায় অত্র অফিসের মিনি কনফারেন্স রুমে (১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০) একটি সভা অনুষ্ঠিত হবে।

সম্মানিত সংশ্লিষ্ট কমিটির সকল সদস্যকে যথাসময়ে উক্ত সভায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

২৩-৩-২০২০

মোঃ জাকির হোসেন
পরিচালক (নীতিমালা ও উন্নয়ন)
ফোন: +৮৮-৯১১৭৭৯৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট
- ২) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
- ৩) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট
- ৪) নোটিশ বোর্ড, হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা